

আল-ফাতহ | Al-Fath | الْفَتْح

আয়াতঃ ৪৮ : ১৯

আরবি মূল আয়াত:

و مَغَانِمَ كَثِيرَةً يَأْخُذُونَهَا ۚ وَ كَانَ اللَّهُ عَزِيزًا حَكِيمًا ﴿١٩﴾

অনুবাদসমূহ:

আর বিপুল পরিমাণ যুদ্ধলব্ধ সম্পদ দিয়ে যা তারা গ্রহণ করবে; আর আল্লাহ হলেন মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়। — আল-বায়ান

আর বিপুল পরিমাণ গণীমাত যা তারা লাভ করবে। আল্লাহ মহা পরাক্রান্ত প্রজ্ঞাময়। — তাইসিরুল

এবং বিপুল পরিমাণ যুদ্ধ লব্ধ সম্পদ যা তারা হস্তগত করবে; আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। — মুজিবুর রহমান

And much war booty which they will take. And ever is Allah Exalted in Might and Wise. — Sahih International

১৯. আর বিপুল পরিমাণ গণীমতে(১), যা তারা হস্তগত করবে; এবং আল্লাহ প্রবল পরাক্রমশালী, হিকমতওয়ালা।

(১) এতে খাইবরের যুদ্ধলব্ধ সম্পদ বোঝানো হয়েছে। [ফাতহুল কাদীর, কুরতুবী]

তফসীরে জাকারিয়া

(১৯) এবং বিপুল পরিমাণ যুদ্ধলব্ধ সম্পদ যা তারা হস্তগত করবে।[১] আর আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

[১] এগুলো হল গণীমতের সেই সম্পদাদি যা খায়বার থেকে লব্ধ হয়েছিল। এই অঞ্চলটি বড় উর্বর ও শস্য-শ্যামল অঞ্চল ছিল। এরই ফলে মুসলিমরা সেখান থেকে বিপুল পরিমাণে ধন-সম্পদ অর্জন করেন। যেগুলো কেবল হুদাইবিয়ায় অংশ গ্রহণকারীদের মাঝেই বণ্টন করা হয়।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4602>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন